গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
আরবান রেজিলিয়েন্স প্রকল্প (ডিডিএম অংশ)
বাসা নং#১২১, রোড নং#২১ (ডিওএইচএস), মহাখালী, ঢাকা

স্মারক নংঃ ৫১.০১.০০০০.০২৯.১১.০৬৯.১৬-৯২৫৭    তারিখঃ ১৮/১২/২০২২ খ্রিঃ

**বিষয়: ERCC জনবল নিয়োগের তথ্যাদি ডিডিএম ওয়েবসাইটে প্রকাশ প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের আওতায় দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ''আরবান রেজিলিয়েন্স (ডিডিএম অংশ)'' শীর্ষক প্রকল্পের Emergency Response Communication Center (ERCC) তে ৯ম গ্রেডভুক্ত মোট ৪জন জনবল নিয়োগের লক্ষ্যে চুড়ান্ত ভাবে মনোনীত প্রার্থীদের তালিকা দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, নিম্নোক্ত তথ্যাদি দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

প্রকাশিতব্য বিষয়:
১. চুড়ান্ত ভাবে মনোনীত প্রার্থীদের তালিকা

18/12/22

(ড.এ.টি.এম.মাহবুব-উল করিম)
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
আরবান রেজিলিয়েন্স প্রকল্প (ডিডিএম অংশ)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
ফোনঃ ৫৮৮১৫০৮২
ই-মেইল: urban.ddm2022@gmail.com

প্রবীর কুমার দাস
প্রোগ্রামার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

বিতরন: সদয় জ্ঞাতার্থে
১। মহাপরিচালক,দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী ঢাকা।
২। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
(পরিকল্পনা-৩ শাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.modmr.gov.bd

নং- ৫১.০০.০০০০.২৪৩.১৪.০১২.১৫.১৭০ তারিখঃ ১৮-১২-২০২২খ্রি.

## চুক্তিভিত্তিক নিয়োগপত্র

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়নাধীন "আরবান রেজিলিয়েন্স প্রকল্প (ডিডিএম অংশ)" শীর্ষক প্রকল্পের Emergency Response and Communication Center (ERCC) এর জন্য বিভিন্ন ক্যাটাগরির ৪টি "সহকারী পরিচালক" পদের বিপরীতে নিম্নেবর্ণিত ৪ জনকে নিয়োগ কমিটির সুপারিশ অনুসারে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ৯ম গ্রেডে সর্বসাকুল্যে মাসিক ৩৫,৬০০/- (পঁয়ত্রিশ হাজার ছয়শত টাকা মাত্র) টাকা বেতনে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নে প্রদত্ত শর্ত প্রতিপালন সাপেক্ষে নিয়োগ প্রদান করা হলোঃ

| ক্র নং | প্রার্থীর নাম | পদের নাম | স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা |
|---|---|---|---|---|
| ০১ | মোহাম্মদ মোস্তফা জামান<br>পিতা: মোঃ আব্দুস সামাদ | সহকারী পরিচালক (নেটওয়ার্ক এন্ড আইটি) | গ্রাম: সাতারকান্দি, পো: বলদিআটা বাজার, থানা: ধনবাড়ী, জেলা: টাংগাইল। | গ্রাম: সাতারকান্দি, পো: বলদিআটা বাজার, থানা: ধনবাড়ী, জেলা: টাংগাইল। |
| ০২ | দেবাঞ্জন অধিকারী<br>পিতা: দেবাশীষ কুমার অধিকারী | সহকারী পরিচালক (ট্রেনিং) | বাসা নং-২৮৬, গ্রাম-উত্তর পটুয়াপাড়া, ওয়ার্ড নং-২, পৌরসভা-নাটোর সদর, জেলা-নাটোর | উপপরিচালকের কার্যালয়, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, বাসা নং ৫৫, মহল্লা-বিলাসদী, উপজেলা-সদর, জেলা-নরসিংদী |
| ০৩ | সাবরীনা আরেফিন<br>পিতা: মোঃ নিজামুল আরিফ | সহকারী পরিচালক (প্লানিং এন্ড ইন্টেলিজেন্স) | রহিমপুর, ইশ্বরদী, ইশ্বরদী, পাবনা | ফ্ল্যাট ৫/এ, ক/১, মোহনপুর, রিং রোড, শ্যামলী, ঢাকা। |
| ০৪ | মোঃ দোলন উদ্দীন<br>পিতা: মোঃ বাবুল হোসেন | সহকারী পরিচালক (মনিটরিং এন্ড ওয়ারিং শিফট সুপারভিশন) | গ্রাম: বাড়াইপাড়া, পোষ্ট: হাতিবান্ধা, থানা: হাতিবান্ধা, জেলা: লালমনিরহাট | গ্রাম: বাড়াইপাড়া, পোষ্ট: হাতিবান্ধা, থানা: হাতিবান্ধা, জেলা: লালমনিরহাট |

## চুক্তিভিত্তিক নিয়োগের শর্তাবলীঃ

১। এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী এবং প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য;

২। নিয়োগপ্রাপ্ত ব্যক্তিগণ আগামী ০২/০১/২০২৩ খ্রি. তারিখের মধ্যে পূর্বাহ্নে প্রকল্প পরিচালককে সম্বোধনপূর্বক লিখিত পত্রের মাধ্যমে আরবান রেজিলিয়েন্স প্রকল্পের (ডিডিএম অংশ) প্রকল্প অফিসে (বাসা নং-১২১, রোড নং-২১ (ডিওএইচএস) মহাখালী, ঢাকা-১২০৬) যোগদান করবেন। নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণ নির্দিষ্ট সময়ের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে তার/তাদের নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে;

৩। নিয়োগপ্রাপ্ত ব্যক্তিগণ প্রকল্পের সংশ্লিষ্ট খাত হতে বেতন ভাতাদি প্রাপ্ত হবেন;

৪। নিয়োগপ্রাপ্ত ব্যক্তিগণ সার্বক্ষণিক প্রকল্পের কাজে নিয়োজিত থাকবেন এবং প্রকল্পের মেয়াদ শেষে এই নিয়োগপত্রটি অব্যাহতি পত্র হিসেবে গণ্য হবে;

৫। কোন কারণ দর্শানো ব্যতিরেকে ৩০ (ত্রিশ) দিনের নোটিশ অথবা ৩০ (ত্রিশ) দিনের অগ্রিম বেতন দিয়ে কর্তৃপক্ষ যে কোন সময় তাদের চাকুরী হতে অপসারণ করতে পারবেন এবং নিয়োগপ্রাপ্ত ব্যক্তিগণ ৩০ (ত্রিশ) দিনের নোটিশে অথবা ৩০ (ত্রিশ) দিনের বেতন ফেরত দিয়ে যে কোন সময় চাকুরী হতে ইস্তফা দিতে পারবেন। তবে ইস্তফা দেয়ার পূর্বে সরকারী পাওনা (যদি থাকে) পরিশোধ করতে হবে;

৬। এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তার চাকুরী সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান এ আদেশ মোতাবেক/অনুসারে তার/তাদের চাকুরি নিয়ন্ত্রিত হবে;

৭। যোগদানের ০৭ (সাত) দিনের মধ্যে প্রার্থীগণকে নিজ জেলার সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য সনদপত্র দাখিল করতে হবে;

৮। নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণের চরিত্র ও প্রাক কার্যাবলীর পুলিশি তদন্ত প্রতিবেদন সন্তোষজনক হতে হবে। পুলিশি তদন্ত প্রতিবেদনে কোন বিরূপ মন্তব্য থাকলে নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

৯। চুক্তি ভঙ্গের কোন ঘটনা প্রাথমিকভাবে প্রমাণিত হলে কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে চুক্তি বাতিল করতে পারবে;

১০। চাকুরীতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

১১। নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণকে যোগদানের তারিখে প্রকল্প পরিচালকের সাথে উপরিউক্ত শর্তাবলী প্রতিপালন সংক্রান্ত একটি চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

Rasel ১৮/১২/2022

(আবু ইউসুফ মোহাম্মদ রাসেল)
উপসচিব
ফোন- ৫৫১০০৬৯৪
ই-মেইলঃ aumrasel@yahoo.com

নং- ৫১.০০.০০০০.২৪৩.১৪.০১২.১৫.১৭০

তারিখঃ ১৮-১২-২০২২খ্রি.

**<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:</u>**

১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা।

২। প্রকল্প পরিচালক, আরবান রেজিলিয়েন্স প্রকল্প (ডিডিএম অংশ), বাসা নং-১২১, রোড নং-২১ (ডিওএইচএস) মহাখালী, ঢাকা-১২০৬ (তাঁকে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণের যোগদান সংক্রান্ত প্রতিবেদন অবিলম্বে এ মন্ত্রণালয়ে প্রেরণের অনুরোধসহ)।

৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬। জনাব.....................................................................................................
.............................................................................................................

৭। সংশ্লিষ্ট নথি।

Rasel ১৮/১২/2022

(আবু ইউসুফ মোহাম্মদ রাসেল)
উপসচিব